

## ৭০০ শিক্ষার্থীর বাল্যবিবাহ না করার অঙ্গীকার

■ বদরগঞ্জ (রংপুর) সংবাদদাতা

রংপুরের বদরগঞ্জ উপজেলার চেংমারি উচ্চ বিদ্যালয় ও চম্পাতলী উচ্চ বিদ্যালয়ের প্রায় ৭শ শিক্ষার্থী বাল্যবিবাহ না করার অঙ্গীকার করেছে। গতকাল সোমবার এনজিও ব্র্যাক সামাজিক ক্ষমতায়ন কর্মসূচির আয়োজনে দুই বিদ্যালয়ের শিক্ষার্থীরা পৃথকভাবে ওই অঙ্গীকার করে। সকাল ১০টায়-চেংমারি উচ্চ বিদ্যালয়ের ৪শ শিক্ষার্থী বাল্যবিবাহ না করার অঙ্গীকার করে বদরগঞ্জ-রংপুর সড়কে (বিদ্যালয়ের সামনে) র্যালি ও মানববন্ধন করেছে। এতে যোগ দেন বিদ্যালয়ের শিক্ষকরাও। ওই মানববন্ধনে বক্তব্য রাখেন বিদ্যালয়ের প্রধান শিক্ষক হাশিমুজ্জামান, ব্র্যাক সামাজিক ক্ষমতায়ন কর্মসূচির সিনিয়র জেলা ব্যবস্থাপক সাজ্জাদুজ্জামান চৌধুরী, সাংবাদিক আশরাফুল আলম আপন, ব্র্যাকের কর্মকর্তা, শহিদুল ইসলাম প্রমুখ। এদিকে ওইদিন, দুপুর ২টায় চম্পাতলী বিদ্যালয়ের প্রায় ৩শ শিক্ষার্থী বাল্যবিবাহ না করার অঙ্গীকার নিয়ে কুইচ ও রচনা প্রতিযোগিতায় অংশ নেয়। বিদ্যালয় প্রাঙ্গণে কুইজ প্রতিযোগিতা শুরু হলে আগে এক সংক্ষিপ্ত আলোচনা সভা অনুষ্ঠিত হয়। বিদ্যালয়ের প্রধান শিক্ষক শহিদার রহমানের সভাপতিত্বে বক্তব্য রাখেন ব্র্যাক সামাজিক ক্ষমতায়ন কর্মসূচির সিনিয়র জেলা ব্যবস্থাপক সাজ্জাদুজ্জামান চৌধুরী, চম্পাতলী সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক সাইফুল ইসলাম, চম্পাতলী উচ্চ বিদ্যালয়ের সহকারী শিক্ষক আতাউর রহমান, রহিদুল ইসলাম, সাইফুল ইসলাম প্রমুখ।